গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
মুমিনুন্নিসা সরকারি মহিলা কলেজ
ময়মনসিংহ
E-mail: muminunnisagovtcollege@gmail.com
www.mugmc.edu.bd
EIIN: 111915

স্মারক নং-মুসমক/২০২৩/১০৩৫/১ তারিখ ঃ ২৬/১১/২০২৩

প্রেরক ঃ অধ্যক্ষ
মুমিনুন্নিসা সরকারি মহিলা কলেজ
ময়মনসিংহ।

প্রাপক ঃ নির্বাহী প্রকৌশলী
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
ময়মনসিংহ অঞ্চল
ময়মনসিংহ
ও
সদস্য
জেলা গাছ কর্তন/অপসারণ এবং নিলা বিক্রয় কমিটি।

বিষয় ঃ **নিলাম বিজ্ঞপ্তি প্রচার প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, "Fostering Opportunities of Science Education in Public Colleges" প্রকল্পের আওতায় মুমিনুন্নিসা সরকারি মহিলা কলেজ, ময়মনসিংহ এ ৬-তলা ভিতসহ ৬-তলা একাডেমিক ভবন নির্মাণের নির্ধারিত স্থানে বিদ্যমান ২০টি গাছ নিলামে বিক্রয়ের সিদ্ধান্তের প্রেক্ষিতে নিলাম বিজ্ঞপ্তি জারি করা হয়েছে। বিজ্ঞপ্তিটি আপনার দপ্তরের নোটিশ বোর্ড/ওয়েবসাইটে প্রচারের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

প্রফেসর মোঃ আবু তাহের
সদস্য সচিব
জেলা গাছ কর্তন/অপসারণ এবং নিলামে বিক্রয় কমিটি
ও
অধ্যক্ষ
মুমিনুন্নিসা সরকারি মহিলা কলেজ
ময়মনসিংহ
ফোন ঃ ০২-৯৯৬৬৬৭২৪৭।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
মুমিনুন্নিসা সরকারি মহিলা কলেজ
ময়মনসিংহ
Website: www.mugmc.edu.bd

স্মারক নং- মুসমক/২০২৩/১০৩৪

তারিখ ঃ ২৬/১১/২০২৩

# নিলাম বিজ্ঞপ্তি

মুমিনুন্নিসা সরকারি মহিলা কলেজ, ময়মনসিংহ ক্যাম্পাসের অভ্যন্তরে মসজিদ সংলগ্ন খালি জায়গায় অবস্থিত অনুমোদিত এবং মূল্যায়িত নিম্নোক্ত ২০ (বিশ) টি বিভিন্ন প্রজাতির গাছ নিলামে বিক্রয়ের লক্ষ্যে (যেখানে যে অবস্থায় আছে) আগ্রহী প্রকৃত ক্রেতা/ব্যবসায়ী/ প্রতিষ্ঠান কে নিজস্ব প্যাডে বিস্তারিত ঠিকানা, মোবাইল নম্বর ও স্বাক্ষরসহ সিলমোহরকৃত খামে নিলামে অংশগ্রহণের জন্য দরপত্র আহ্বান করা যাচ্ছে।

**বিবরণ : (বিভাগীয় বন কর্মকর্তা, ময়মনসিংহ বন বিভাগ এবং রেঞ্জ কর্মকর্তা, সদর রেঞ্জ, ময়মনসিংহ বন বিভাগ কর্তৃক প্রস্তুতকৃত প্রাক্কলন) ।**

| ক্রমিক নং | গাছের প্রজাতি | গাছের সংখ্যা | কাঠের পরিমান (ঘঃ ফুঃ) | জ্বালানী কাঠের পরিমান (ঘঃ ফুঃ) |
|---|---|---|---|---|
| ১. | কড়ই | ০২ টি | ৭৯.৭৫ঘঃ ফুঃ | ১২০.০০ ঘঃ ফুঃ |
| ২. | মেহগণি | ০৩ টি | ২৮.৪০ ঘঃ ফুঃ | ২২.০০ ঘঃ ফুঃ |
| ৩. | আম | ০৯টি | ১৩৪.৫৫ ঘঃ ফুঃ | ৭২.০০ ঘঃ ফুঃ |
| ৪. | সেগুন | ০১টি | - | - |
| ৫. | পাম্প গাছ | ১ টি | - | ২২.০০ ঘঃ ফুঃ |
| ৬. | কদম | ২টি | ৪০.০০ ঘঃ ফুঃ | ২০.০০ ঘঃ ফুঃ |
| ৭. | জাম | ২টি | ২০.৯৩ ঘঃ ফুঃ | ২০.০০ ঘঃ ফুঃ |
| | মোট- | ২০টি | ৩০৩.০০ঘঃফু | ২৭৬.০০ ঘঃফুঃ |

**গাছের অবস্থানের বিবরণ ঃ**

| গাছের ক্রম | প্রজাতি | অবস্থান |
|---|---|---|
| ১ | কড়ই | কলেজ অভ্যন্তরে অবস্থিত মসজিদ সংলগ্ন ভবন নির্মাণের জন্য নির্ধারিত খালি জায়গা |
| ২ | মেহগণি | |
| ৩ | আম | |
| ৪ | সেগুন | |
| ৫ | পাম্প গাছ | |
| ৬ | কদম | |
| ৭ | জাম | |

**দরপত্র দাখিলের স্থান ঃ** অধ্যক্ষের কার্যালয়, মুমিনুন্নিসা সরকারি মহিলা কলেজ, ময়মনসিংহ এ রক্ষিত দরপত্র বাক্স।

চলমান পাতা-২

# নিলামের শর্ত ও নিয়মাবলী

১. নিলাম দরপত্রে উল্লেখিত গাছসমূহ আগামী ২৯/১১/২০২৩ খ্রি. তারিখ বুধবার এবং ৩০/১১/২০২৩ খ্রি. বৃহস্পতিবার সকাল ১১:০০ ঘটিকা হতে দুপুর ০১:০০ ঘটিকা পর্যন্ত সরেজমিনে পরিদর্শন করা যাবে।

২. আগ্রহী দরদাতাগণ নিজস্ব প্যাডে বিস্তারিত ঠিকানা ও মোবাইল নম্বরসহ আগামী ০৫/১২/২০২৩ খ্রি. তারিখ সকাল ০৯:৩০ ঘটিকা হতে দুপুর ১:০০ ঘটিকার মধ্যে সীল মোহরকৃত খামে নিলাম দরপত্রে প্রস্তাবিত মূল্য অংকে ও কথায় স্পষ্টভাবে উল্লেখপূর্বক প্রয়োজনীয় কাগজপত্রসহ **সরাসরি** অধ্যক্ষের কার্যালয়, মুমিনুন্নিসা সরকারি মহিলা কলেজ, ময়মনসিংহ এ রক্ষিত দরপত্র বাক্সে দাখিল করতে পারবেন। দরপত্রে কোন কাটাকাটি/ঘষামাজা গ্রহণযোগ্য হবে না এবং নির্ধারিত সময়ের পর অথবা ডাকযোগে/কুরিয়ার সার্ভিস যোগে কোন দরপত্র গ্রহন করা হবে না।

৩. নিলাম বিজ্ঞপ্তিতে উল্লেখিত ২০ (বিশ) টি গাছের জন্য একত্রে দর দাখিল করতে হবে।

৪. প্রস্তাবিত মূল্যের উপর ২০% নিরাপত্তা জামানত হিসেবে অধ্যক্ষ, মুমিনুন্নিসা সরকারি মহিলা কলেজ, ময়মনসিংহ এর অনুকুলে পে-অর্ডার/ব্যাংক ড্রাফ্ট দরপত্রের সাথে জমা দিতে হবে। নিরাপত্তা জামানত ব্যতীত দরপত্র বিবেচনা করা হবে না।

৫. আগামী ০৫/১২/২০২৩ খ্রি. তারিখ মঙ্গলবার বেলা ০২:০০ ঘটিকায় নিলাম দরপত্রসমুহ অধ্যক্ষের কার্যালয়, মুমিনুন্নিসা সরকারি মহিলা কলেজ, ময়মনসিংহ এ উপস্থিত নিলাম দরদাতা/প্রতিনিধিদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

৬. গৃহীত দরপত্রের ভিত্তিতে সর্বোচ্চ দরদাতা বিবেচনা করা হবে।

৭. নির্বাচিত নিলাম দরদাতাকে কার্যাদেশ সংক্রান্ত সিদ্ধান্ত জানানোর তারিখ হতে ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে নিরাপত্তা জামানত বাবদ জমাকৃত ২০% অর্থ বাদে অবশিষ্ট ৮০% অর্থ অধ্যক্ষ, মুমিনুন্নিসা সরকারি মহিলা কলেজ, ময়মনসিংহ এর অনুকুলে পে-অর্ডার/ব্যাংক ড্রাফ্ট এবং নির্ধারিত মূল্যের উপর সরকারি বিধি মোতাবেক ভ্যাট ও উৎসে কর পরিশোধের চালান অধ্যক্ষ, মুমিনুন্নিসা সরকারি মহিলা কলেজ, ময়মনসিংহ বরাবর দাখিল করতে হবে। । উক্ত সময়ের মধ্যে অবশিষ্ট ৮০% অর্থ এবং ভ্যাট ও উৎসে কর পরিশোধের চালান জমা দিতে ব্যর্থ হলে জামানতের ২০% অর্থ বাজেয়াপ্ত বলে গণ্য হবে।

৮. কার্যাদেশ প্রাপ্তির ১৫ (পনের) দিনের মধ্যে গাছসমূহ কর্তন/অপসারণের পর ময়মনসিংহ বন বিভাগ কর্তৃক প্রদত্ত বনজদ্রব্যের "পাশ হাতুড়ির ছাপ" এবং কর্তনকৃত গাছগুলো পরিবহনের জন্য "বনজদ্রব্য পরিবহন পাশ" গ্রহণ করে মুমিনুন্নিসা সরকার মহিলা কলেজ, ময়মনসিংহ হতে গোলাই কাঠ/জ্বালানী কাঠ সরিয়ে ভবন নির্মাণের জন্য নির্ধারিত জায়গা খালি করে দিতে হবে।

৯. কোনরূপ কারণ দর্শানো ছাড়াই আংশিক/সম্পূর্ণ দরপত্র বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১০. শর্ত বর্হিভূত কোন বিষয়ে সমস্যার উদ্ভব হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।


প্রফেসর মোঃ আবু তাহের

অধ্যক্ষ

মুমিনুন্নিসা সরকারি মহিলা কলেজ, ময়মনসিংহ

ও

সদস্য সচিব

জেলা গাছ কর্তন/অপসারণ এবং নিলাম বিক্রয় কমিটি

ফোন ঃ ০২৯৯৬৬৬৭২৪৭।